বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।

গোপনীয়

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৫০২(শৃঙ্খলা)/(১৮-১৯)/ ২০১৯-২০২০/

তারিখঃ ২৫.০২.২০২০ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ রবিউল হক, ব্যবস্থাপক(মুখ্য কর্মকর্তা), বিকেবি, হিজলগাড়ী শাখা, চুয়াডাঙ্গা, উক্ত শাখায় ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বিকেবি (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা,২০০৮ এর ৩৮ (ক), (খ), (ঘ) ও (চ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও আত্মসাতপূর্বক তহবিল তসরূপমূলক অপরাধের জন্য ২৬/১৮-১৯ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করিয়া অত্র বিভাগের ১৯.০২.২০১৯ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৫০২/২০১৮-২০১৯/২৬০৩ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব মোঃ রবিউল হক আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা,২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদন্ডে দন্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরী হইতে বরখাস্ত অথবা বিকল্প গুরুদন্ডে দন্ডিত করা হইবে না-এই মর্মে অত্র বিভাগের ০৮.১২.২০১৯ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৫০২(শৃঙ্খলা)/(১৮-১৯)/ ২০১৯-২০২০/১৫৭০ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারন দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, আত্মসাত,তহবিল তসরূপ/প্রতারনামূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব মোঃ রবিউল হক আপনাকে গুরু দন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন ;

০৪। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মোঃ রবিউল হক আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, আত্মসাত,তহবিল তসরূপ/প্রতারনামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা,২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে ৩,৩৪,৫০০/- (তিন লক্ষ চৌত্রিশ হাজার পাঁচশত) টাকা আপনার প্রাপ্য মাসিক বেতন হইতে মূল বেতনের এক তৃতীয়াংশ হারে কর্তন করার আদেশ দিলেন। উক্ত সময়ের মধ্যে উল্লিখিত পরিমান টাকা কর্তন শেষ না হইলে অবশিষ্ট টাকা আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি (গ্রাচুয়িটি, ছুটি নগদায়ন ইত্যাদি) হইতে এককালীন কর্তন করার জন্যও আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ রবিউল হক (আর-৫৮৫)
ব্যবস্থাপক(মুখ্য কর্মকর্তা)
বাংলাদেশ কৃষি ব্যাংক
হিজলগাড়ী শাখা
চুয়াডাঙ্গা।

স্বাক্ষরিত
(মোঃ আবু ছাদেক মিয়া)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৫০২(শৃঙ্খলা)/(১৮-১৯)/ ২০১৯-২০২০/ ২২৫১(৮)

তারিখঃ ২৫.০২.২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া। বিকেবি, হিজলগাড়ী শাখাকে প্রদত্ত কর্তৃপক্ষীয় নির্দেশনা যথাযথভাবে পরিপালন করার বিষয়টি তদারকি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।
৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।
৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২ (পেনশন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংক কর্তৃপক্ষীয় উপরোক্ত রায় মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
৭। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
৯। উপ-মহাব্যবস্থাপক, পরিধারণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, আঞ্চলিক কার্যালয়, চুয়াডাঙ্গা। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ রবিউল হক এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। বিকেবি, হিজলগাড়ী শাখাকে প্রদত্ত কর্তৃপক্ষীয় নির্দেশনা শাখা কর্তৃক যথাযথভাবে পরিপালন করার বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল। জনাব মোঃ রবিউল হক এর বদলী জনিত কারনে তাহার এল.পি.সি-তে কর্তনের বিষয়টি উল্লেখ নিশ্চিতকরনের জন্যও অনুরোধ করা হইল।
১১। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,চুয়াডাঙ্গা। শাখা নিরীক্ষাকালীন সময়ে উপরোক্ত রায় মোতাবেক কর্তনের বিষয়টি শাখা কর্তৃক যথাযথ পরিপালন করিতেছে কিনা তাহা যাচাই করনের জন্য অনুরোধ করা হইল।
১২। ব্যবস্থাপক, বিকেবি, হিজলগাড়ী শাখা, চুয়াডাঙ্গা। কর্তৃপক্ষের প্রশাসনিক নির্দেশ মোতাবেক রায়ে উল্লিখিত কর্তনযোগ্য টাকা জনাব মোঃ রবিউল হক এর মাসিক বেতন হতে কর্তনের পর বিকেবি, হিজলগাড়ী শাখার প্রদেয় খাতে জমা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ৩,৩৪,৫০০/- (তিন লক্ষ চৌত্রিশ হাজার পাঁচশত) টাকা সম্পূর্ণরূপে কর্তন শেষ হওয়ার পর ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা অভিযোগনামায় উল্লিখিত আত্মসাতকৃত টাকার বিপরীতে সমন্বয় করার জন্য এবং অবশিষ্ট ৩৪,৫০০/- (চৌত্রিশ হাজার পাঁচশত) টাকা বিকেবি, হিজলগাড়ী শাখার আয় খাতে জমা করার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হইল।
১৩। নথি/ মহানথি / মূলনথি।

২৫/০২/২০২০
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক

D:\DILIP ROY\DILIP\DILIP ANNOUNS.doc